

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৫২-আইন/২০২০/১১৩-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) বিলুপ্ত হইবে;

(খ) বিধি ৪ এর-

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত “বোর্ডের” শব্দটির পরিবর্তে “মহাপরিচালকের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-বিধি (২) এর দফা (ঙ) তে উল্লিখিত “১০,০০০/- (দশ হাজার টাকা)” সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “৫০০০/- (পাঁচ হাজার) টাকা” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৫ বিলুপ্ত হইবে;

(ঘ) বিধি ৬ এর-

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত “সদস্য” শব্দটির পরিবর্তে “মহাপরিচালক” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-বিধি (২) এ উল্লিখিত “অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রাপ্ত সমুদয় আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের জন্য বোর্ড, মহাপরিচালক সমীপে প্রেরণ করিবে এবং” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ই) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) মহাপরিচালক সুবিধাজনক সময়ে বিধি ৯ এ বর্ণিত সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করিবেন।”;

(ঈ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “বোর্ড প্রাপ্ত তালিকা অনুযায়ী” শব্দগুলির পরিবর্তে “মহাপরিচালক” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“১০। মৌখিক পরীক্ষা। – (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

(২) মৌখিক পরীক্ষা ৫০ (পঞ্চাশ) নম্বরের হইবে।

(৩) মহাপরিচালক ৩ হইতে ৫ জন সদস্যবিশিষ্ট একটি মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবেন এবং তিনি উক্ত বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করিবেন।

(৪) একাধিক মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবার প্রয়োজন হইলে মহাপরিচালক উক্তরূপে বোর্ড গঠন করিয়া জা তীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন এবং উক্ত ক্ষেত্রে কমিশনার পদমর্যাদার যে কোন কর্মকর্তাকে উক্ত কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব প্রদান করিবেন।”;

(চ) বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“১২। লাইসেন্স ইস্যু। - মহাপরিচালক উত্তীর্ণ প্রার্থীগণকে যথাযথ নিরাপত্তা বৈশিষ্ট্য সংবলিত ফরম “মুসক- ১৮.১ক” এ মুসক পরামর্শক লাইসেন্স প্রদান করিবেন।”; এবং

(ছ) বিধি ১৩ বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মুসক নীতি)